একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

রপ্তানী-৩ শাখা।

নং- বাম/সিই/১(১৪১)/র-৩/কর্মকর্তা নিয়োগ/২০১২/৪৮ তারিখঃ ২৩-০১-২০১২ খ্রিঃ

বিষয় ঃ বাংলাদেশ হাইকমিশন ক্যানবেরা, অষ্ট্রেলিয়া এবং নতুন দিল্লী, ভারত-এ কমার্শিয়াল কাউন্সেলর এর ২টি পদে নতুন কর্মকর্তা নিয়োগ প্রসংগে।

বাংলাদেশ হাইকমিশন ক্যানবেরা, অষ্ট্রেলিয়া এবং নতুন দিল্লী, ভারত-এ কমার্শিয়াল কাউন্সেলর এর ২টি পদে নতুন কর্মকর্তা নিয়োগের জন্য অপর পৃষ্ঠায় মূদ্রিত "জীবন বৃত্তান্ত ছক" অনুযায়ী যোগ্য/আগ্রহী কর্মকর্তা'দের নিকট থেকে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে দুইকপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ঃ-

পদের নাম ও বাণিজ্যিক শাখা	পদ সংখ্যা	আবেদনকারীর যোগ্যতা	কাজের বিবরণ
কমার্শিয়াল কাউন্সেলর বাংলাদেশ হাইকমিশন ক্যানবেরা, অষ্ট্রেলিয়া এবং নতুন দিল্লী, ভারত।	০২ টি	বাংলাদেশ সরকারের উপ-সচিব বা সমপর্যায়ের পদের কর্মকর্তা, বেতন স্কেল ২২,২৫০-৩১,২৫০/- (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী)	রপ্তানীর লক্ষ্যমাত্রা অর্জনের পদক্ষেপ গ্রহণ, রপ্তানী আয় বৃদ্ধির/ সুযোগ-সম্ভাবনা অন্বেষণে কার্যক্রম গ্রহণ, সুবিধাজনক শর্তে আমদানী সংগ্রহ, আমদানী বিকল্প তথ্য সংগ্রহ, বিদেশী বিনিয়োগ সংগ্রহ, কারিগরী সহায়তা আনয়নের প্রচেষ্টা গ্রহণ, টাস্কফোর্সের সভানুষ্ঠানসহ স্থানীয়/আশেপাশের দেশে অবস্থানকারী প্রবাসী'দের ব্যবসায়িক সহযোগিতা প্রদান ইত্যাদি।

শর্তাবলী ঃ

১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তা'গণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সর্বশেষ আগামী **১৫-০২-২০১২** খ্রিঃ তারিখের মধ্যে "জীবন বৃত্তান্ত ছক" পূরণপূর্বক সচিব, বাণিজ্য মন্ত্রণালয়'কে সম্বোধন করে শিক্ষাগত যোগ্যতার (এসএসসি/এইচএসসি ডিগ্রী/অনার্স/মাষ্টার্স) সার্টিফিকেটসমূহের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি সহকারে লিখিত আবেদনপত্র সিনিয়র সহকারী সচিব (রপ্তানী-৩ শাখা, বিল্ডিং নং-৩, রুম নং-১২৬)-এর নিকট পৌছাতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ন ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না এবং ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। সংশ্লিষ্ট পদের একধাপ উপরের বেতন স্কেলের অথবা নিম্ন বেতন স্কেলের কর্মকর্তাগণ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৩। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪(চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৪। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারী পদে বিদেশে চাকুরী করেছেন, চাকুরী শেষে দেশে প্রত্যাবর্তনের ৩(তিন) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দুতাবাসের সমমর্যাদার পদে যাঁরা চাকুরী করেছেন তাঁরাও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৫। **১লা জানুয়ারী/১৯৯২ তারিখের পর যদি কোন সরকারী কর্মকর্তা বা কর্মচারীর কোন সন্তান জন্মগ্রহণ করে এবং এর ফলে তার সন্তান সংখ্যা দুই এর অধিক হয়, সেক্ষেত্রে তিনি আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।**

৬। বেসরকারী বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্তে যথাযথ মন্ত্রণালয়ের/ইউজিসি এর প্রত্যয়ন দাখিল করতে হবে।

৭। প্রার্থীত পদ ও বাণিজ্যিক শাখার নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৮ নম্বর কলামে) উল্লেখ করতে হবে। তবে উভয় পদের জন্য পৃথকভাবে আবেদন দাখিলের প্রয়োজন নেই।

২৩/০১/২০১২

(মোঃ মুহিবুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬০৩৪৮

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মূখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ...মন্ত্রণালয়/বিভাগ, ... ঢাকা।
(তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং বিজ্ঞপ্তিটি তাঁর মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫। বিভাগীয় কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, রংপুর (তাঁকে তার আওতাধীন জেলা প্রশাসকগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৬। বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, সকল যুগ্ম-সচিব, সকল অধিশাখা/শাখা এবং অধীনস্থ সকল অধিদপ্তর/পরিদপ্তর, ঢাকা।
৭। উপ-সচিব(রপ্তানি-১ অধিশাখা), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা। তাঁকে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধ করা হলো।
৮। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়। তাঁকে বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
৯। মাননীয় বাণিজ্য মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।

জীবন বৃত্তান্তের "ছক" অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

জীবন-বৃত্তান্ত ছক

১। নাম ও পরিচিতি নং (যদি থাকে) ঃ

২। বর্তমান আবাসিক ঠিকানা ঃ

৩। স্থায়ী ঠিকানা ঃ

৪। জন্ম তারিখ ঃ

৫। পদবী এবং বর্তমান কর্মস্থল ঃ

৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ ঃ

৭। বর্তমান বেতন স্কেল ঃ

৮। প্রথম শ্রেণীর চাকুরীতে যোগদানের তারিখ ঃ

৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারের চাকুরীকালের সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত) ঃ

১০। ইতোপূর্বে যে সকল মন্ত্রণালয়ে কাজ করেছেন তার মেয়াদ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ ঃ

১১। বিগত ৫ বৎসর যে যে পদে কর্মরত ছিলেন তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা ঃ

১২। শিক্ষাগত যোগ্যতা (এসএসসি/ম্যাট্রিক হতে স্নাতকোত্তর পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণী/বিভাগ উলেখ করতে হবে) ঃ

১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ ঃ

প্রশিক্ষণ	প্রশিক্ষণের স্থান ইনস্টিটিউশনের নামসহ	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের বিষয়
(ক) স্থানীয় ঃ			
(খ) বিদেশীঃ			

১৪। বাংলা ও ইংরেজী ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে) ঃ

১৫। বিদেশে পূর্বতন পোষ্টিং (যদি থাকে) ঃ

১৬। বিবাহিত/অবিবাহিত ঃ

১৭। সন্তান সংখ্যা (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে) ঃ

১৮। প্রার্থিত পদের নাম ও বাণিজ্যিক শাখার নাম ঃ

১৯। অন্যান্য বিষয় (যদি থাকে) (অতিরিক্ত তথ্য যদি থাকে ঃ স্বতন্ত্র কাগজে সংযোজনপূর্বক স্বাক্ষর করতে হবে)। ঃ

আবেদনকারীর স্বাক্ষর

ফোন নম্বরঃ (অফিস)

(বাসা)

মোবাইল নম্বরঃ

* তাৎক্ষণিক যোগাযোগের সুবিধার্থে মোবাইল ফোন ও ই-মেইল নম্বর উল্লেখ করা বাঞ্চনীয়।